# তেহরানজুড়ে সহিংসতা, বিক্ষোভকারীদের হামলায় জ্বলল মসজিদ



সংগৃহীত ছবি

ইরানে চলমান অর্থনৈতিক সংকটকে কেন্দ্র করে শুরু হওয়া আন্দোলন এখন সরাসরি সরকারবিরোধী রূপ নিয়েছে। রাজধানী তেহরানসহ বিভিন্ন শহরে বিক্ষোভকারীরা রাস্তায় নেমে ব্যাপক ভাঙচুর চালাচ্ছে। সরকারি স্থাপনার পাশাপাশি অন্তত একটি মসজিদে অগ্নিসংযোগের ঘটনাও ঘটেছে বলে আন্তর্জাতিক গণমাধ্যমে জানা গেছে।

বিক্ষোভকারীদের হাতে দেখা গেছে ১৯৭৯ সালের বিপ্লবের আগের ইরানের পতাকা। আন্তর্জাতিক সংবাদ সংস্থার প্রকাশিত ছবি ও ভিডিওতে একটি মসজিদে আগুন জ্বলতে দেখা যায়। প্রত্যক্ষদর্শীরা জানান, ক্ষুব্ধ জনতা সেখানে জড়ো হয়ে সরকারবিরোধী স্লোগান দেয়। একটি ভিডিওতে শোনা যায়, বিক্ষোভকারীরা দেশটির সর্বোচ্চ নেতৃত্বের বিরুদ্ধে ক্ষোভ প্রকাশের পাশাপাশি রাজতন্ত্র পুনর্বহালের পক্ষে শ্লোগান দিচ্ছে।

পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে রাষ্ট্রীয় টেলিভিশনের মাধ্যমে জনগণকে সতর্ক করেছে সরকার। বিশেষ করে অভিভাবকদের উদ্দেশে বলা হয়েছে, যেন তারা তাদের সন্তানদের রাস্তায় যেতে না দেন। সম্প্রচারে জানানো হয়, সহিংস পরিস্থিতিতে কেউ আহত হলে তার দায় সরকার নেবে না।

LENS ASIA

এদিকে রাজধানীর এক চিকিৎসক আন্তর্জাতিক গণমাধ্যমকে জানান, তেহরানের একাধিক হাসপাতালে শতাধিক মরদেহ আনা হয়েছে, যাদের বেশিরভাগই গুলিবিদ্ধ ছিলেন। নিহতের এই সংখ্যা সরকারি ভাবে এখনো নিশ্চিত করা হয়নি এবং এ বিষয়ে তেহরান কর্তৃপক্ষ কোনো আনুষ্ঠানিক বক্তব্য দেয়নি।